

Economics for Competitive Examination

Theory of Demand

Practice Set-1

নীচের প্রশ্নগুলির সর্বাধিক সঠিক উত্তরটি নির্বাচন কর :

১) উপযোগ সম্পর্কে কোনটি সর্বাধিক ঠিক?

- i) উপযোগ সম্পূর্ণ ভাবে বস্তুগত বিষয়,
- ii) উপযোগ আংশিকভাবে বস্তুগত বিষয় এবং আংশিক ভাবে মনোগত বিষয়
- iii) উপযোগ সম্পূর্ণ ভাবে মনোগত বিষয়,
- iv) উপরের সবগুলিই সত্য।

২) প্রান্তিক উপযোগ কি?

- i) মোট উপযোগের পরিবর্তনের হার,
- ii) মোট ও গড় উপযোগের পার্থক্য।
- iii) মোট উপযোগের শতকরা হার ;
- iv) গড় উপযোগের পরিবর্তনের হার ;

৩)ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ ত্রয়টির ব্যতিক্রম হল----

- i) টাকা পয়সা ;
- ii) সোনা ও মণি মুক্তা ;
- iii) ড্রাগ জাতীয় নেশার দ্রব্য ;
- iv) সব গুলোই ঠিক।

৪) টাকার মাধ্যমে উপযোগ পরিমাপের সমস্যা কি?

- i) টাকার কোন ওজন নেই ;
- ii) টাকা পরিমাপ করা যায় না ;
- iii) টাকার প্রান্তিক উপযোগ স্থির নয় ;
- iv) টাকার উপযোগ সব চেয়ে বেশি ;

৫) পরিবর্ত দ্রব্য কাকে বলে?

- i) যে দ্রব্যকে অন্য দ্রব্যের বদলে ব্যবহার করা যায় ;
- ii) যে দ্রব্যের বদলে অন্য দ্রব্য ব্যবহার করা যায় না
- iii) যে দ্রব্যের কোন ব্যবহার নেই ;
- iv) যে দ্রব্য ছাড়া অন্য দ্রব্য ব্যবহার করাই যায় না ।

৬) পরিপূরক দ্রব্য বলতে কি বোঝ?

- i) যে দ্রব্যের চাহিদার দামগত স্থিতিস্থাপকতা ঋনাত্মক ;
- ii) যে দ্রব্যের চাহিদার পারস্পারিক স্থিতিস্থাপকতা ঋনাত্মক
- iii) যে দ্রব্যের চাহিদার দামগত স্থিতিস্থাপকতা ধনাত্মক ;
- iv).যে দ্রব্যের চাহিদার আয়গত স্থিতিস্থাপকতা ধনাত্মক

৭) প্রান্তিক পরিবর্ততার হার কাকে বলে?

- i) ভোক্তার দুটি দ্রব্যের ভোগের আনুপাত ;
- ii) ভোক্তার দুটি দ্রব্যের প্রান্তিক উপযোগের আনুপাত;
- iii) ভোক্তার আয়ের সাথে দামের অনুপাত;

iv) দুটি দ্রব্যের স্থিতিস্থাপকতার অনুপাত ;

৮) বাজেট লাইনের সংজ্ঞা দাও।

i) আয়ের সাথে সংগতি রেখে পরিকল্পিত ব্যয়ের গাণিতিক রূপ ;

ii) এটি একটি সরল রেখা ;

iii) আয় ও ব্যয়ের হিসাব

iv) এটি নিরপেক্ষ রেখার স্পর্শক

৯) নিরপেক্ষ রেখা ত্রয়ের অনুমান নয় কোনটি?

i) উপযোগ একটি স্তর বাচক ধারণা ;

ii) দুটি উপযোগের পার্থক্যের চিহ্ন গুরুত্বপূর্ণ

iii) উপযোগকে সংখ্যা দ্বারা প্রকাশ করা যায় ;

iv) উপযোগকে সংখ্যা দ্বারা প্রকাশ করা যায় না ;

১০) নীচের কোনটি নিকৃষ্ট দ্রব্য ?

i) যে দ্রব্যের আয় প্রভাব শূন্য;

ii) যে দ্রব্যের আয় প্রভাব ঋনাত্মক

iii) যে দ্রব্যের আয় প্রভাব ধনাত্মক;

iv) যে দ্রব্যের দাম প্রভাব ধনাত্মক